

তারিখ: ১৭/০৬/২০২০ খ্রি.


২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণের জন্য নতুন বিকাশ অ্যাকাউন্ট খোলার বিজ্ঞপ্তি

এ কলেজের ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বাস্তবায়নধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রামের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় সমাপ্তকৃত উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পভুক্ত ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদেরকে নতুন বিকাশ অ্যাকাউন্ট মাধ্যমে উপবৃত্তির অর্থ বিতরণ করা হবে। এ লক্ষ্যে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নামের তালিকা কলেজের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। শুধুমাত্র তালিকাভুক্ত শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক মোবাইল বিকাশ অ্যাকাউন্ট খোলার জন্য নির্দেশ দেয়া গেল। অন্যথায়, এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


বিভাগ	তারিখ	কক্ষ নম্বর
২২/০৬/২০২০ খ্রি. সোমবার	মানবিক	একাডেমিক ভবনের ২০৬ এবং ২০৭ নং কক্ষ (সকাল ১০.৩০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত)
২৩/০৬/২০২০ খ্রি. মঙ্গলবার	ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান	

অনুসরণীয়:

- ১। বিকাশ অ্যাকাউন্ট খোলার সময় নির্বাচিত শিক্ষার্থী কিংবা পিতা/মাতা/অভিভাবকের নামে রেজিস্ট্রেশনকৃত সিমসহ (যে সিম পূর্বে বিকাশ অ্যাকাউন্ট খোলা হয় নি) মোবাইল সেট সঙ্গে আনতে হবে।
- ২। শিক্ষার্থীর এবং তার পিতা/মাতা/অভিভাবকের সদ্য তোলা ১কপি করে পাসপোর্ট সাইজের রঙিন ছবি সঙ্গে রাখতে হবে।
- ৩। শিক্ষার্থীর রেজিঃকার্ড/আইডি কার্ডের ফটোকপি এবং তার পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের স্পষ্ট ফটোকপি সঙ্গে রাখতে হবে।
- ৪। যাদের ইতোপূর্বে অ্যাকাউন্ট খোলা রয়েছে, তাদের নতুন করে বিকাশ অ্যাকাউন্ট খুলতে হবে।
- ৫। বিকাশের প্রতিনিধির উপস্থিতিতে শিক্ষার্থীরা নির্ধারিত KYC ফরম পূরণ করবে।


অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


১৭/০৬/২০২০

অবগতি ও কার্যার্থে বিতরণ:

- ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাঙ্গামাটি সদর উপজেলা, রাঙ্গামাটি।
- ২। ম্যানেজার, অগ্রণী ব্যাংক, রাঙ্গামাটি শাখা, রাঙ্গামাটি।
- ৩। ব্যবস্থাপক, বিকাশ, চেম্বার অব কমার্স, রিজার্ভ বাজার, রাঙ্গামাটি।
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।